গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, সিরাজগঞ্জ সদর,
সিরাজগঞ্জ
doict.sirajganjsadar.sirajganj.gov
.bd

**উপজেলা আইসিটি কমিটির ডিসেম্বর-২০২৫ মাসের সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মামুন খান<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | ২৯শে ডিসেম্বর ২০২৫ খ্রি. |
| সভার সময় | সকাল ১১.০০ টা |
| স্থান | উপজেলা পরিষদ সভাকক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট- "ক" । |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সদস্য সচিবকে বিগত মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ও চলমান কার্যক্রম সম্পর্কে আলোচনা শুরু করার জন্য আহবান করেন। উপজেলায় আইসিটির বিস্তার ও উন্নয়ন, সকল সরকারি দপ্তর ও প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদকরণ, সরকারি দপ্তরে ডি-নথি বাস্তবায়ন ও অগ্রাধিকার প্রদান, শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবসহ অন্যান্য ল্যাবের সুষ্ঠু ব্যবহার, সকল সরকারি দপ্তর ও কম্পিউটার ল্যাবে নিরবচ্ছিন্ন ইন্টারনেট সংযোগ চালু রাখা, বৈষম্য বিরোধী বাংলাদেশ বিনির্মাণ এবং জনগণের দোরগোড়ায় সেবা নিশ্চিত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | **ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় 'End User Connectivity' বাস্তবায়ন:**<br>অত্র উপজেলার ২৬১ টি প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ স্থাপন করা হয়েছে। চুক্তি সম্পাদন ও বিল প্রদানের বিষয়ে আলোচনা হয়। | ১.১। সংযোগ স্থাপনের সময় আইএসপি প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ স্থাপন করতে হবে।<br>১.২। ভাল করে ইন্টারনেট সংযোগসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি দেখে নিতে হবে।<br>১.৩। বিল প্রদানের ব্যবস্থা করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। সহকারী প্রোগ্রামার<br>৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>৪। উপজেলা শিক্ষা অফিসার<br>৫। প্রতিষ্ঠান প্রধানগণ |
| ২. | **মোবাইল নাম্বার ক্লোন করে অর্থ দাবি করার বিষয়ে সতর্ককরণ:**<br>এদানিং উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ কর্মকর্তা যেমন উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা সমাজসেবা অফিসারের মোবাইল নাম্বার ক্লোন করে অন্যান্য কর্মকর্তা বা জনগণের নিকট টাকা দাবি করা বিষয়ে আলোচনা করা হয়। | ২.১। বিভিন্ন স্থানীয় পত্রিকা ও অনলাইন নিউজ পোর্টালে এই বিষয়ে সতর্ক থাকার বিষয়ে সংবাদ প্রচার করতে হবে।<br>২.২। উপজেলার সকল দপ্তরের ওয়েব পোর্টাল ও ফেসবুক পেজে এই বিষয়ে সতর্ক থাকার বিষয়ে গণবিজ্ঞপ্তি প্রচার করতে হবে।<br>২.৩। কারো নাম্বার ক্লোন করে টাকা দাবি করলে, তা সঠিকতা সাচাই করে অর্থ লেনদেন করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। সহকারী কমিশনার (ভূমি)<br>৩। অফিসার ইনচার্জ, সিরাজগঞ্জ থানা<br>৪। প্রতিষ্ঠান প্রধানগণ<br>৫। সকল অফিস প্রধান |

| | | | |
|---|---|---|---|
| ৩. | **ওয়েব পোর্টাল সম্পর্কিত আলোচনা:** সাধারণ জনগণ তথা সেবা গ্রহীতার নিকট অবাধ তথ্য সরবরাহের গুরুত্বপূর্ণ মাধ্যম হিসেবে সরকারি দপ্তরের পোর্টালের ব্যবহার জন গুরুত্বপূর্ণ হওয়ায় ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৩. ১। স্ব স্ব দপ্তরের তথ্যাদি নিয়মিত হালনাগাদকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যাপারে কারিগরী সহায়তা গ্রহণের জন্য সহকারী প্রোগ্রামারের সাথে যোগাযোগের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩.২। বিগত মাসের সিদ্ধান্ত মোতাবেক উপজেলার সকল সরকারী দপ্তরের ওয়েব পোর্টালের হালনাগাদ রিপোর্ট উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের নিকট পেশ করা হয় এবং যেসকল দপ্তরের পোর্টাল শতভাগ হালনাগাদ নেই সেসকল অফিসের পোর্টাল শতভাগ হালনাগাদ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় । | ১। সকল অফিস প্রধানগণ<br>২। সহকারী প্রোগ্রামার<br>৩। চেয়ারম্যান/প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল)। |
| ৪. | **ইউডিসির আয় ও সেবা প্রদানের তথ্য:** ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে তৃণমূল পর্যায়ের জনগণ ডিজিটালি সেবা পেয়ে থাকেন। ইউডিসিতে সেবার মান এবং নতুন নতুন সেবা অন্তর্ভূক্ত করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ৪.১। ইউডিসির কার্যক্রমকে সচল ও বেগবান রাখা এবং এর মাধ্যমে জনসাধারণকে উপযুক্ত সেবা প্রদান করতে, সেবাধর্মী উদ্ভাবনীমূলক কার্যক্রম গ্রহণ এবং এ কার্যক্রমে আয় ও সেবাগ্রহীতার সংখ্যা বৃদ্ধি করতে হবে।<br>৪.২। ইউডিসি উদ্যোক্তার পদ শূন্য হওয়া মাত্র উদ্যোক্তা নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪.৩। একসেবা প্লাটফরমে নিয়মিত আয়ের তথ্য আপলোড করতে হবে।<br>৪.৪। ইউডিসিতে মহিলা উদ্যোক্তার সার্বক্ষণিক উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। সহকারী প্রোগ্রামার<br>৩। চেয়ারম্যান/প্রশাসক, ইউনিয়ন পরিষদ (সকল)<br>৪। উদ্যোক্তা (সকল) |
| ৫. | **ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তি:** ই-ফাইলিং সিস্টেম বর্তমান সরকারের একটি অগ্রাধিকার কার্যক্রম। সচিবালয় নির্দেশমালা ২০২৪ এ ডি-নথি বাস্তবায়নের সুস্পষ্ট নির্দেশনা প্রদানসহ ইলেকট্রনিক পদ্ধতিতে পত্র গ্রহণ ও পত্র প্রেরণ কার্যক্রমকে অগ্রাধিকার প্রদানের সুস্পষ্ট অনুশাসন রয়েছে। এ উপজেলার দপ্তরসমূহকে ডি-নথি সিস্টেমের আওতায় আনার ব্যাপারে আলোচনা করা হয়। | ৫.১। ই-ফাইল (নথি) এর মাধ্যমে নথির নিষ্পত্তি বৃদ্ধি করতে হবে। উপজেলা প্রশাসনসহ অন্যান্য সকল পত্র ডি-নথিতে নিষ্পত্তি করতে হবে।<br>৫.২। উপজেলার যে সকল অফিস ডি-নথি লাইভ সার্ভারে আছে, তাদেরকে ডি-নথি সিস্টেমে কার্যক্রম গ্রহন করতে হবে।<br>৫.৩। যে সকল অফিস ডি-নথি প্রশিক্ষণ পেয়েছে কিন্তু এখনো লাইভে আসে নাই সে সকল অফিসকে দ্রুত ডি-নথি লাইভ সার্ভারে নিয়ে আসার কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>৫.৪। সহকারী প্রোগ্রামার প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। সকল দপ্তর প্রধানগণ<br>৩। সহকারী প্রোগ্রামার |
| ৬. | **সরকারি ই-মেইল ব্যবহার:** দ্রত গতিতে ও নিশ্চিতভাবে তথ্য বা পত্র আদান প্রদানের ক্ষেত্রে প্রত্যেক দপ্তরের সরকারি ই-মেইল ব্যবহার করা প্রয়োজন। | ৬.১। প্রত্যেক দপ্তর তার উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে আলচনার মাধ্যমে সরকারি ডোমেইনের আওতায় ইমেইল খোলার ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৬.২। যে সকল দপ্তরের সরকারি ডোমেইনের আওতায় ই-মেইল খোলা আছে, তারা সেই ই-মেইলের ব্যবহার ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করবেন। | ১। সকল দপ্তর প্রধানগণ। |
| ৭. | **শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব পরিদর্শন:** শিক্ষার মান উন্নয়ন ও ছাত্র-ছাত্রীদেরকে আইসিটি শিক্ষায় শিক্ষিত করতে শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়। পর্যায়ক্রমে সকল শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব স্থাপন করা হবে। | ৭.১। শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবসমূহের যথাযথ ব্যবহার ও রক্ষণাবেক্ষণ এবং পরিদর্শন অব্যাহত রাখতে হবে।<br>৭.২। কম্পিউটার ল্যাবে যদি কোন যন্ত্র বা যন্ত্রাংশ নষ্ট বা বিকল হয়, প্রতিষ্ঠান প্রধান তা সচল করার উদ্যোগ গ্রহণ করবেন। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>৩। সহকারী প্রোগ্রামার<br>৪। প্রতিষ্ঠান প্রধানগণ। |

| | | | |
|---|---|---|---|
| ৮. | **বিদ্যালয়ের কম্পিউটার ল্যাবসহ অন্যান্য ল্যাবে প্রশিক্ষণ:**<br>শিক্ষক শিক্ষিকা, ছাত্র-ছাত্রীদেরকে আইসিটি নির্ভর জ্ঞানার্জনের জন্য ল্যাবে নিয়মিত প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | ৮.১। শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত কম্পিউটার ল্যাবসহ অন্যান্য ল্যাবে শিক্ষক, ছাত্র-ছাত্রীদের বেসিক আইসিটি প্রশিক্ষণ চালু করতে হবে।<br>৮.২। প্রত্যেক ল্যাবে ইন্টারনেট সংযোগের ব্যবস্থা রাখতে হবে। | ১। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান। |
| ৯. | **মাল্টিমিডিয়া ক্লাসরুম:**<br>অতীতে পাঠদান ছিল পাঠ্যপুস্তক ও শিক্ষকের মেধানির্ভর। ফলে বিজ্ঞান বিষয়ের পাঠেও তেমন কোনো প্রযুক্তিগত উৎকর্ষ দেখানো সম্ভব ছিল না। বর্তমানে সরকার তথ্য প্রযুক্তিতে অধিক গুরুত্ব আরোপ করার ফলে শুরু হয়েছে মাল্টিমিডিয়ার ব্যবহার। এখন পাঠভিত্তিক কনটেন্ট তৈরি করে তা'শ্রেণিতে উপস্থাপন করা হয়। ফলে অধিক মাত্রায় শিক্ষার গুণগত মান বেড়েছে। | ৯.১। মাল্টিমিডিয়া ক্লাসরুম নিয়মিত পরিদর্শন করতে হবে।<br>৯.২। মাল্টিমিডিয়া ক্লাসরুম মনিটরিং সিস্টেমে যাতে নিয়মিত তথ্য আপলোড করতে হবে।<br>৯.৩। মাল্টিমিডিয়া ক্লাসরুম মনিটরিং সিস্টেমে যাতে ভুয়া তথ্য আপলোড না করে সেদিকে লক্ষ্য রাখতে হবে।<br>৯.৪। কোন শিক্ষক মাল্টিমিডিয়া ক্লাসরুমের উপর প্রশিক্ষণ না পেলে তার প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার।<br>২। উপজেলা একাডেমিক সুপারভাইজার<br>৩। সহকারী প্রোগ্রামার<br>৪। শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ। |

০২। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় বৈষম্য বিরোধী এবং আইসিটি নির্ভর বাংলাদেশ গঠনে কার্যকর ভূমিকা রাখতে সকলকে অনুরোধ এবং ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০-১২-২০২৫
মোঃ মামুন খান
উপজেলা নির্বাহী অফিসার
০৭৫১-৬২১৩০ (ফোন)
০৭৫১-৬৪৩০৯ (ফ্যাক্স)
unosirajganj@mopa.gov.bd

**নম্বর:** ৫৬.০৪.৮৮৭৮.০০০.০০০.০৬.০০০১.২৫.২৯

তারিখ: ১৫ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
৩০ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
২। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।
৩। প্রোগ্রামার, জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিরাজগঞ্জ।
৪। সদস্য (সকল), উপজেলা আইসিটি কমিটি, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
৫। চেয়ারম্যান/প্রশাসক/ প্যানেল চেয়ারম্যান, সকল ইউনিয়ন পরিষদ, সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
৬। অফিস কপি, ।

৩০-১২-২০২৫
মোঃ ইসমাইল হুসাইন
সহকারী প্রোগ্রামার